জেলা পরিষদ কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
www.zpchapainawabganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ঃ ৪৬.৪৩.৭০০০.০০১১২.০০২.১৯-৫৪

তারিখ ঃ ১৬ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০১ মার্চ, ২০২১ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৩/০৯/২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৩.১৭.১৪১০ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জে নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | নিম্নমান-সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর | ০১(এক)টি | টা: ৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | (ক) এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতি। |

**আবেদন করার শর্তাবলী নিম্নরূপ ঃ**

১। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরম কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ পূর্বক আগামী ১১/০৩/২০২১খ্রিঃ তারিখ অফিস চলাকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ এই ঠিকানায় ডাকযোগে পাঠাতে হবে। নির্ধারিত তারিখের পর ডাকযোগে বা অন্য কোন ভাবে প্রেরিত এবং সরাসরি দাখিলকৃত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। আবেদন ফরম চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের ওয়েবসাইট (www.zpchapainawabganj.gov.bd) হতে ডাউনলোড করতে হবে।

২। আবেদন পত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে ৫০০/=(পাঁচশত) টাকার অফেরতযোগ্য যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

৩। খামের উপর বাম পার্শ্বে পদের নামসহ আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

৪। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ৩(তিন) কপি ।
(খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/মেয়র সিটি কর্পোরেশন/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ০১(এক) কপি।
(চ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নাম, ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিট যুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি মাপের ফেরত খাম ০১(এক)টি।
(ছ) সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার (৯ম গ্রেডের নীচে নহে) নাম ও পদবী সম্বলিত সীল ব্যবহার করতে হবে।

৫। আবেদনকারীর বয়স ০১/০৩/২০২১ খ্রিঃ তারিখে- ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬। নিয়োগের ক্ষেত্রে সর্বশেষ প্রচলিত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের ক্ষেত্রে প্রমানক হিসেবে যথাযথ কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার কোটা বাতিল বলে গণ্য হবে।

৭। আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল কাগজপত্রের মূলকপি আবেদনকারীকে প্রদর্শন করতে হবে।

৮। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/সন্তানদের সন্তান ক্ষেত্রে বিজ্ঞ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে বীর মুক্তিযোদ্ধার পোষ্য প্রমানক হলফনামা (এফিডেভিট) দাখিল করতে হবে।

৯। চাকরিরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ে দাখিল করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

১০। চাকরির শর্তাবলী এবং বেতন ভাতাদি/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, ২০০০ এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকরি বিধিমালা, ১৯৯০ ও সংশোধনী ২০০৬ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।

১১। চাকরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা হবে।

১২। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত/নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারনে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০১.০৩.২১

(মোঃ এনামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন ঃ ০৭৮১-৫৩৫০১
E-mail : ceozpchapai@gmail.com

স্মারক নং ঃ ৪৬.৪৩.৭০০০.০০১.১২.০০২.১৯- ৫৪/১(৫০)　　　　তারিখ ঃ ১৬ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০১ মার্চ, ২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ-

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।

৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরিত হলোঃ-

০১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০২। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৩। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল ও ভোলাহাট, জেলা- চাঁপাইনবাবগঞ্জ
০৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।
০৭। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/নাচোল ও রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সওজ/পাউবো/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
০৯। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল ও ভোলাহাট, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১২। জেলা পরিষদ, সদস্য, সংরক্ষিত ওয়ার্ড নং-১/সংরক্ষিত ওয়ার্ড নং-২/সংরক্ষিত ওয়ার্ড নং-৩ সংরক্ষিত ওয়ার্ড নং-৪/ সংরক্ষিত ওয়ার্ড নং-৫
১৩। জেলা পরিষদ, সদস্য, ওয়ার্ড নং-০১/ওয়ার্ড নং-০২/ওয়ার্ড নং-০৩/ওয়ার্ড নং-০৪/ওয়ার্ড নং-০৫/ওয়ার্ড নং-০৬/ওয়ার্ড নং-০৭/ওয়ার্ড নং-০৮/ওয়ার্ড নং-০৯/ওয়ার্ড নং-১০/ওয়ার্ড নং-১১/ওয়ার্ড নং-১২/ওয়ার্ড নং-১৩/ওয়ার্ড নং-১৪/ওয়ার্ড নং-১৫
১৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১৫। কম্পিউটার অপারেটর, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা পরিষদের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করার অনুরোধ করা হলো।
১৬। বিজ্ঞাপন ম্যানেজার, জাতীয় দৈনিক খবর ও স্থানীয় দৈনিক চাঁপাই চিত্র পত্রিকায় বিজ্ঞপ্তিটি ০২/০৩/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ০৪(চার) কলাম X ১২ ইঞ্চি মাপে এক দিনের জন্য প্রকাশ করে ০৩(তিন) কপি পত্রিকা এবং বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১৮। অফিস নথি।

০১.০৩.২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।